127

ভোরের কাগজ

তারিখ 20 MAR 1998
পৃষ্ঠা ১২ কলাম ৬

### সাধারণ সম্পাদক পদে জিতেছেন সাদা প্যানেল প্রার্থী

# চ.বি শিক্ষক সমিতি নির্বাচনে গোলাপী প্যানেলের বিজয়

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নির্বাচনে মুক্তিযুদ্ধের পক্ষের গোলাপী প্যানেলের প্রার্থীরা ১১টি পদের মধ্যে সভাপতিসহ নয়টি পদ পেয়ে নিরঙ্কুশ বিজয় অর্জন করেছে। বিএনপি ও জামাত সমর্থিত শিক্ষকদের সাদা প্যানেলের প্রার্থীরা সাধারণ সম্পাদকসহ পেয়েছে দুটি পদ।

গতকাল বৃহস্পতিবার সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত বিজ্ঞান ভবনের ১নং গ্যালারিতে অনুষ্ঠিত নির্বাচনে শিক্ষকরা দুটি প্যানেলের ২২ জন প্রার্থীর মধ্যে ১১ জনকে নির্বাচিত করেন।

নির্বাচনে সভাপতি পদে বিজয়ী হন শহীদ বুদ্ধিজীবী ড. গিয়াসউদ্দিন আহমেদের বোন প্রফেসর হামিদা বানু। গোলাপী প্যানেলের প্রার্থী প্রফেসর হামিদা বানু (২১১) সাদা প্যানেলের প্রার্থী ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. ইউসুফ শরীফ আহমদ খানকে (১৮৬) ভোটের ব্যবধানে পরাজিত করেন। সাধারণ সম্পাদক পদে বিজয়ী হন সাদা প্যানেলের প্রার্থী প্রফেসর ড. সিদ্দিক আহমদ চৌধুরী (১৯৭)। তিনি গোলাপী প্যানেলের প্রার্থী ড. সুলতান আহমদকে (১৯৩) মাত্র চার ভোটের ব্যবধানে পরাজিত করেন।

নির্বাচনে বিজয়ী গোলাপী প্যানেলের অন্যান্য প্রার্থীরা হচ্ছেন সহসভাপতি প্রফেসর ড. শাহ আলম (২৪০), যুগ্ম সম্পাদক মোঃ এমদাদুল হক (২৪১), কোষাধ্যক্ষ প্রফেসর এ এন এম আলমগীর (২০৭) এবং সদস্যরা হচ্ছেন প্রফেসর ড. মোঃ সালেহউদ্দিন (২১৪), প্রফেসর ড. গোলাম কিবরিয়া ভুঁইয়া (২২২), প্রফেসর ড. আলাউদ্দিন (২২২), প্রফেসর আবদুল গফুর খান (২০১) ও প্রফেসর আবদুল মজিদ (২১১) সাদা প্যানেলের একমাত্র নির্বাচিত সদস্য হচ্ছেন প্রফেসর ড. আ ন ম মুনির আহমদ (২০২)।

শিক্ষক সমিতির নির্বাচনে পাঁচ শতাধিক শিক্ষকের মধ্যে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয় ৪৫০ জনের নাম। তন্মধ্যে ভোটাধিকার প্রয়োগ করেন ৪০৬ জন শিক্ষক। নির্বাচনে সর্বাধিক ভোট পেয়েছেন গোলাপী প্যানেলের প্রার্থী ও পরিসংখ্যান বিভাগের সহকারী অধ্যাপক এমদাদুল হক (২৪১)।